DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) □ তৈরি: 15 Aug 2026, 10:52 PM

পরিবেশ

# সেন্টমার্টিনে ২০ হাজার চারা রোপণ করা হবে: পরিবেশ প্রতিমন্ত্রী

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ০৯ আগস্ট ২০২৬, ১০:১৮ AM



ছবি সংগৃহীত

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী শেখ ফরিদুল ইসলাম বলেছেন, সেন্টমার্টিন দ্বীপে বিভিন্ন প্রজাতির প্রায় ২০ হাজার চারা রোপণ করা হবে। এসব চারা দ্বীপের পরিবেশগত ভারসাম্য বজায় রাখা, মাটি ক্ষয় রোধ, জীববৈচিত্র্যের আবাসস্থল সংরক্ষণ এবং জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলায় সহায়ক ভূমিকা রাখবে।

শনিবার (৮ আগস্ট) বিকাল ৫টার দিকে সেন্টমার্টিন দ্বীপের মধ্যভাগে বাংলাদেশ কোস্ট গার্ডের কার্যালয়ে প্রধান অতিথি হিসেবে তিন দিনব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেন তিনি। □বৃক্ষরোপণে সাজাই দেশ, সবার আগে বাংলাদেশ□ প্রতিপাদ্যকে সামনে রেখে □সবুজ বাংলাদেশ□ প্রকল্পের আওতায় □বৃক্ষরোপণ কর্মসূচি-২০২৬□ অনুষ্ঠিত হয়।

রাতে কোস্ট গার্ডের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাব্বির আলম সুজন এ তথ্য নিশ্চিত করেন। □৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ□

কর্মসূচির আওতায় ৮ থেকে ১০ আগস্ট পর্যন্ত সেন্টমার্টিনে ২০ হাজার চারা রোপণ করা হবে।

এ সময় প্রতিমন্ত্রী আরও বলেন, সেন্টমার্টিনের প্রাকৃতিক পরিবেশ ও অনন্য জীববৈচিত্র্য রক্ষায় চলমান সমন্বিত উদ্যোগের অংশ হিসেবে এ কর্মসূচি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। পরিবেশ সংরক্ষণ, জীববৈচিত্র্য রক্ষা ও টেকসই সবুজায়নে বাংলাদেশ কোস্ট গার্ডের এ ধরনের কার্যক্রম ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

এনজিও সংস্থা এনরুট ফাউন্ডেশন ও ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশের আয়োজনে এবং বাংলাদেশ কোস্ট গার্ডের সার্বিক তত্ত্বাবধানে কর্মসূচিটি অনুষ্ঠিত হয়।

বৃক্ষরোপণ কর্মসূচির পাশাপাশি প্রতিমন্ত্রী সেন্টমার্টিনে আয়োজিত “প্লাস্টিক ফ্রি বিচ ক্যাম্পেইন”-এ অংশ নেন। এ সময় দ্বীপের পরিবেশ সংরক্ষণ ও পরিচ্ছন্নতা কার্যক্রমে স্থানীয় জনগণও স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন।

---

## এ বিভাগের আরও খবর




**স্মার্ট বাংলাদেশের লক্ষ্য অর্জনে তরুণদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ**
ডিজিটাল বিপ্লবের পরবর্তী ধাপে তথ্যপ্রযুক্তি খাতে দক্ষ জনশক্তি গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।




### ডিজিটাল ব্যাংকিং সেবায় গ্রাহকদের আগ্রহ বাড়ছে

ঘরে বসেই লেনদেনের সুবিধা প্রান্তিক পর্যায়ে পৌঁছে দিচ্ছে ব্যাংকগুলো।




### ডিজিটাল ব্যাংকিং সেবায় গ্রাহকদের আগ্রহ বাড়ছে

ঘরে বসেই লেনদেনের সুবিধা প্রান্তিক পর্যায়ে পৌঁছে দিচ্ছে ব্যাংকগুলো।




### বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষায় প্রশ্ন ফাঁসরোধে কঠোর নিরাপত্তা

প্রযুক্তি ব্যবহার করে জালিয়াতি চক্র ধরার তৎপরতা বাড়িয়েছে প্রশাসন।

Copyright Dhaka Probe